



# ক্যাথিটার

হেমোডায়ালিসিসের জন্য



## ক্যাথিটারসহ সুস্থ থাকার জন্য আপনার যা যা জানা প্রয়োজন

কিডনী (বৃক্ক) অচল হলে তার চিকিৎসার একটি বিকল্প হল হেমোডায়ালিসিস (এইচ.ডি.)। এইচ.ডি. আপনার রক্ত থেকে বর্জ্যদার্থ ও অতিরিক্ত তরল অপসারণ করে। এইচ.ডি.-তে আপনার জীবনরেখা হল আপনার *রক্তনালী*য় *প্রবেশপথ* - আপনার রক্তে পৌঁছানোর একটি উপায়। প্রবেশপথ তিন ধরনের : ফিসটুলা, গ্রাফট ও ক্যাথিটার। এই পুস্তিকাটি ক্যাথিটারের বিষয়ে।

দীর্ঘমেয়াদে, ডায়ালিসিসের জন্য ক্যাথিটারের ব্যবহার ভালো বিকল্প নয়, যদি তা এড়িয়ে যাবার কোন উপায় থাকে। বেশিরভাগ ফিসটুলা, এমন কি গ্রাফটও, এর থেকে কম সমস্যার সৃষ্টি করে এবং বেশি সময় ধরে চলে। একটি ভালো জীবনের জন্য সুচের ব্যবহার একটি সামান্য আত্মত্যাগই হতে পারে!

### ক্যাথিটারের বিষয়ে


কেন্দ্রীয় শিরার ক্যাথিটার হল একটি প্লাস্টিকের টিউব যা গলায়, বুকে বা কঁচকির একটি বড় কেন্দ্রীয় শিরায় যুক্ত করা হয়। বেশিরভাগ ক্যাথিটারই *নালিকায়ুক্ত*- তারা বুকের চামড়ার নিচে যায় এবং গলার একটি শিরার সঙ্গে যুক্ত হয়। যে অংশটি এইচ.ডি.-র জন্য ব্যবহৃত হয় তা বুকের চামড়ার মধ্য দিয়ে বেরিয়ে আসে। এটিতে দুই টুকরো টিউবিং ওয়াই-আকৃতিতে আছে এবং প্রতিদিকের প্রান্তে একটি ক্যাপ লাগানো আছে।

যদি খুব অল্প সময়ের জন্য ব্যবহার করা হয়, তাহলে কয়েকটি সেলাইয়ের মাধ্যমে ক্যাথিটারটি তার স্থানে ধরে রাখা যায়। বেশিরভাগ ক্ষেত্রে, ক্যাথিটারটির টিউবিং-এর আপোশে একটি কাফ থাকে যা আপনার চামড়ার ভিতরে চলে যায়। কাফটির আশেপাশে আপনার টিসু বেড়ে উঠবে ও তা যথাস্থানে ধরে রাখবে। ক্যাথিটার ভিতরে ঢোকান থাকলে তা কেবলমাত্র ডাক্তারের বের করা উচিত।

বেশিরভাগ ক্যাথিটার অস্থায়ী হয়, শুধু কয়েক সপ্তাহ বা মাসের জন্য, যতদিন না একটি *গ্রাফট\** বা *ফিসটুলা†* তৈরি

হয়। এইচ.ডি.-তে থাকা কিছু ব্যক্তির কোন বিকল্প থাকে না এবং তারা সব সময়েই ক্যাথিটার ব্যবহার করতে বাধ্য হন।

ক্যাথিটারে ব্যবহার করা শিরাটি আপনার ভবিষ্যতে প্রবেশপথের বিকল্পগুলিকে প্রভাবিত করতে পারে। কোন কোন স্থানে ক্যাথিটার অন্য শিরাগুলির ক্ষতি করতে পারে, তাই সেগুলিকে এইচ.ডি.-র জন্য ব্যবহার করা যায় না।




† একটি *ফিসটুলা* তৈরি হয় একটি ধমনীকে শিরার সঙ্গে সেলাই করে দিয়ে, যা প্রায়শ আপনার হাতে করা হয়। এটি এইচ.ডি.-র জন্য সেরা প্রবেশপথ, কারণ এটিতে সংক্রমণ হওয়ার বা রক্ত জমাট বাঁধার সম্ভাবনা সবচেয়ে কম।

\* একটি *গ্রাফট* তৈরি করা হয় এক টুকরো কৃত্রিম শিরা ব্যবহার করে ধমনী ও শিরাকে যুক্ত করে। এটি এইচ.ডি.-র জন্য দ্বিতীয় সেরা প্রবেশপথ।



একটি **ফিমোরাল** (পায়ের শিরার) **ক্যাথিটার** অল্প দিনের জন্য ব্যবহার করা যায়। এটি কুঁচকিতে ফিমোরাল শিরাতে লাগানো হয় এবং প্রত্যেক চিকিৎসার পর খুলে নেওয়া হয়। যেহেতু এটি কুঁচকিতে লাগানো হয়, ফিমোরাল ক্যাথিটার জীবাণুমুক্ত রাখা বেশ কঠিন। যদি আপনার ডাক্তার আপনাকে তা লাগাতে পরামর্শ দেন, তাকে জিজ্ঞাসা করুন অন্য এমন কোন বিকল্প আছে কি না যা আপনার জন্য কাজ করবে।



ফিমোরাল ক্যাথিটার

## ক্যাথিটারের ভালো এবং খারাপ দিক

রক্তনালিকায় তিন ধরণের প্রবেশপথের মধ্যে (ফিসটুলা, গ্রাফট, ক্যাথিটার), ক্যাথিটারটি হল তৃতীয় বিকল্প:

- রক্ত প্রবাহের হার প্রায়ই মন্ত্রুর হয়; বেশ ভালো বোধ করার মত যথেষ্ট এইচ.ডি. পাওয়া কঠিন হয়
- যেহেতু ক্যাথিটারটি আপনার শরীর থেকে বেরিয়ে আসে, এটিতে সংক্রমণের ঝুঁকি বেশি থাকে। এটি জীবনসংশয়কারী হতে পারে।
- ক্যাথিটার শিরাকে উত্তেজিত করতে পারে ও রক্তপিণ্ড সৃষ্টির কারণ হতে পারে
- বেশিদিন একটি ক্যাথিটার রাখলে ফিসটুলা বা গ্রাফট তৈরি করার সম্ভাবনা নষ্ট করে দিতে পারে
- ক্যাথিটারের সবচেয়ে বড় সুবিধা হল যে তা সঙ্গে সঙ্গে ব্যবহার করা যায়

ক্যাথিটারের সবচেয়ে বড় সুবিধা হল যে তা একই দিনে ঢোকানো ও ব্যবহার করা যায়। যে ব্যক্তিদের **অবিলম্বে** এইচ.ডি.-র প্রয়োজন তারা এটি ব্যবহার করবেন। এইচ.ডি.-তে থাকা যে কোন ব্যক্তির কোন এক সময় ক্যাথিটার ব্যবহারের প্রয়োজন হতে পারে।

## ক্যাথিটার:

### মহিলাদের জন্য সাহায্যকারী পরামর্শ

যদি আপনি একজন মহিলা হন যার এইচ.ডি.-র জন্য ক্যাথিটারের প্রয়োজন, এই পরামর্শগুলি আপনার জীবন সহজতর করবে:

» আপনার ব্রা নিয়ে আসুন (বা সার্জিক্যাল মার্কার দিয়ে আপনার বুকে তার একটি রূপরেখা আঁকুন)। ক্যাথিটারটি লাগানো থাকার সময় আপনি ব্রা পরতে পারবেন না। কিন্তু তা কাছে রাখলে ক্যাথিটারটি কোন অসুবিধাজনক স্থানে না লাগাতে ডাক্তারের সুবিধা হবে।

» যদি ক্যাথিটারটি চামড়ার নিচে টানেল করা হয়, জেনে নিন যে তার বেরোনের স্থান কোনটি হবে। ডাক্তারকে বলুন যে ক্যাথিটারটি যেন স্তনবৃন্তের কাছ দিয়ে না বেরোয়। এটি অস্বস্তিকর হবে এবং এর উপরে ড্রেসিং রাখা কঠিন হবে।

» বড় স্তনের ওজন ক্যাথিটারটিকে টেনে বের করে দিতে পারে। যেহেতু ক্যাথিটারটি লাগানোর সময় আপনি শুয়ে থাকবেন, যদি আপনার স্তন বড় হয়, ডাক্তারকে তা মনে করিয়ে দেবেন যাতে তা কোথায় লাগানো হবে তা ও তা টেপ করে লাগানোর বিষয়ে তিনি যত্নবান হবেন।



## ক্যাথিটার সংযোগ

একটি ক্যাথিটার শল্যচিকিৎসার ঘর বা রেডিওলজি স্যুটে লাগানো যায়। আপনাকে সুস্থির রাখতে এবং ব্যথা কমাতে কিছু ওষুধ দেওয়া হতে পারে। ক্যাথিটার লাগাতে প্রায়শ 15 থেকে 30 মিনিট সময় লাগে। সেটি সঠিক স্থানে লাগানো হয়েছে তা নিশ্চিত করতে আপনার একটি এক্স-রে-র প্রয়োজন হবে।



## ক্যাথিটার লাগানোর সময় কেমন লাগে

ক্যাথিটার লাগানোর বিষয়ে ক্যাথিটার থাকা ব্যক্তির কথা বলা হলে তা এখানে দেওয়া হল:

» “সংবহনতন্ত্রের সার্জেন আমাকে একটি ক্যাথিটার দেন- এমন একটি যোঁটা আমার বুক থেকে ঝুলে থাকে, আমার গলার চামড়ার নিচে টানেল করা ও সেলাই করা অবস্থায়। এটি Versed®-এর অধীনে করা হয়েছিল এবং প্রথম দিনে তাতে অল্প ব্যথা ছিল, এবং তার পরে তার জন্য আমার কোন অস্বস্তি হয় নি। এটি আমার সার্জের তলায় সহজেই ঢাকা পড়ত এবং এটি থাকা সত্ত্বেও আমি উপুড় হয়ে ঘুমাতে পারতাম। শেষ পর্যন্ত এর থেকে আমার একটি সিস্টেমিক সংক্রমণ হয় এবং আমি হাসপাতালে এক সপ্তাহ কাটাই।”

» “আমার বকের এলাকায় টানেল ও কাফ করা একটি ক্যাথিটার লাগানোর জন্য মাত্র একটি ফুটো করার প্রয়োজন হয়েছিল। আমাকে কিছুটা Versed® দেওয়া হয়েছিল, যা আপনাকে একটু সুস্থির ও শান্ত করে। যখন ক্যাথিটারটি গলার দিকে সরানো হয়, অনুভূতিটা হয় যেন কেউ বকের কাছে চাপ দিচ্ছে। এটি কয়েক মাস ছিল এবং আমার কোন সমস্যা হয় নি।”

একবার আপনার ক্যাথিটার প্রবেশ করানো হলে, আপনার কেয়ার টিম আপনাকে দেখিয়ে দেবে কিভাবে তার নিরাপদে পরিচর্যা করতে হয়। এটিকে সর্বদা পরিষ্কার আর শুষ্ক রাখা অত্যন্ত প্রয়োজনীয়। আপনাকে হয়ত স্নান করতে হবে, শাওয়ার নয়। এগুলির বিষয়ে নার্সকে জিজ্ঞাসা করুন:

- আপনার প্রয়োজন হলে ড্রেসিং কিভাবে পরিবর্তন করবেন
- রক্তপাত শুরু হলে কিভাবে ক্যাথিটার ক্ল্যাম্প দিয়ে আটকাতে হবে
- যদি ক্যাথিটার পড়ে যায় বা ভুলবশত খুলে দেওয়া হয় তাহলে কি করতে হবে
- আপনার ক্যাথিটারে কোন সমস্যা হলে কাকে ডাকতে হবে

আপনার ক্যাথিটার পরিষ্কার ও জীবাণুমুক্ত রাখলে তা বেশিদিন টিকে থাকবে। যদি ক্যাথিটারটি সংক্রামিত হয় বা তাতে ময়লা জমে, তাকে প্রতিস্থাপিত করা যায়।

## ডায়ালিসিসের জন্য আপনার ক্যাথিটারটি ব্যবহার করা



### ধাপ 1: হাত ধুয়ে নিন

ক্যাথিটার ব্যবহারের প্রথম ধাপ হল কর্মীদের নিজেদের হাত ধোওয়া এবং পরিষ্কার দস্তানা (গাভস) এবং একটি মুখোশ বা মুখ ঢাকার সরঞ্জাম পরে নেওয়া। আপনারও একটি মুখোশ পরা দরকার। যদি আপনার ক্যাথিটারের উপরে ড্রেসিং থাকে, নার্স সেটি খুলে নেবে। (নিশ্চিত করুন কখনো যেন কাঁচি ব্যবহার করা না হয়! তা টিউবিং কেটে দিতে পারে ও রক্তপাতের কারণ হতে পারে এবং আপনার রক্তশ্রোতে বাতাস ঢুকিয়ে দিতে পারে।)



## ধাপ 2: সংক্রমণের দিকে নজর রাখুন

প্রত্যেক এইচ.ডি. চিকিৎসার সময়, আপনার নার্স আপনার ক্যাথিটারের উপরের ড্রেসিং খুলে দেবেন এবং কোন সংক্রমণের চিহ্ন আছে কিনা তা দেখবেন :

- লালভাব, গরমভাব, বা ফুলে যাওয়া
- স্পর্শকাতরতা
- নিষ্কাশন ব্যবস্থা

এরপর নার্স আপনার ক্যাথিটারের সম্পূর্ণ দৈর্ঘ্য ধরে অনুভব করবেন এটি নিশ্চিত করতে যে সেটি আপনার চামড়ার নিচে তার যথাস্থানে আছে। কিডনি বিকল হলে, আপনার কোন লালভাব বা ফোলা ছাড়াই সংক্রমণ হতে পারে। যদি আপনার জ্বর হয় বা আপনি অবসন্ন বোধ করেন, আপনার কেয়ার টিমকে তা জানান।

## ধাপ 3: ক্যাথিটারটি পরিষ্কার করুন

যদি ক্যাথিটারটি ঠিকঠাক থাকে, নার্স দুটি টিউব ক্ল্যাম্প দিয়ে বন্ধ করে দেবেন, তারপর প্রান্তের ক্যাপগুলি খুলে নেবেন। পোর্টগুলি (টিউবের প্রান্ত) পরিষ্কার করা হবে। তারপর সেগুলিকে জীবাণুনাশক তরল পদার্থে কয়েক মিনিট ভিজিয়ে রাখা হবে এবং শুষ্ক করা হবে। নার্স তারপরে একটি সিরিঞ্জ ব্যবহার করে ক্যাথিটার থেকে হেপারিন (একটি রক্ত পাতলা করার ওষুধ) টেনে বের করে নেবেন। তারপর নার্স ক্যাথিটারটি লবণাক্ত (নোনা জল) জলে ধুয়ে নেবেন।

## ধাপ 4: ডায়ালিসিস টিউবিং-এর সাথে যুক্ত করুন

নার্স এইচ.ডি. টিউবিং-এর প্রান্তগুলি বেকিয়ে ক্যাথিটারের প্রান্তে ঢুকিয়ে দেবেন। লাল প্রান্ত (ধামনিক) আপনার রক্ত ডায়ালাইজারে নিয়ে যাবে। নীল প্রান্তটি (শৈরিক) আপনার রক্ত আপনাকে ফেরৎ দেবে। টিউবিং সংযুক্ত হবার পরে, নার্স ক্ল্যাম্পগুলি খুলে দেবেন ও আপনার চিকিৎসা আরম্ভ করবেন।

## ধাপ 5: টিউবিংটির সংযোগ ছিন্ন করুন

চিকিৎসার শেষে নার্স ক্যাথিটারের প্রান্তগুলি ক্ল্যাম্প দিয়ে লাগিয়ে দেবেন, হেপারিন (রক্ত পাতলাকারী) দেবেন এবং ডায়ালিসিস টিউবিং খুলে দেবেন। আপনার ক্যাথিটার ও চামড়া পরিষ্কার করা হবে, এবং একটি নতুন ড্রেসিং লাগানো হবে।

## আপনার ক্যাথিটারটিকে কিভাবে কার্যকরী রাখবেন

কোন এইচ.ডি. প্রবেশপথই নিখুঁত হয় না। ক্যাথিটারগুলির কিছু কিছু সাধারণ সমস্যা হয়। ভালো খবর হল যে আপনার জীবনের খাটি যাতে কাজ করে তা নিশ্চিত করতে আপনি এবং আপনার কেয়ার টিম অনেক কিছুই করতে পারেন।

### সংক্রমণ: একটি সাধারণ সমস্যা

যে কোন ধরনের প্রবেশপথের স্থানে সংক্রমণ হতে পারে। ব্যাকটেরিয়া সব জায়গায় থাকে- ত্বকের উপরে, নাকের ভিতরে, যে কোন কিছুর উপরিভাগে.... যদি আপনার রক্তে ব্যাকটেরিয়া প্রবেশ করে, তার ফলে রক্তে বিষক্রিয়া, বা সেপসিস হতে পারে। সেপসিস মারাত্মক হতে পারে।

ক্যাথিটার হল আপনার রক্তে ব্যাকটেরিয়া পৌঁছানোর এক সরাসরি পথ। আপনার সেবা প্রতিরোধ হল আপনার ক্যাথিটার পরিষ্কার রাখা। নিশ্চিত করুন যে আপনার কেয়ার টিম কখনো ক্যাথিটারের প্রান্ত বাতাসে উন্মুক্ত না রেখে দেন। যদি তা এইচ.ডি.-র জন্য ব্যবহৃত না হয়, প্রত্যেক প্রান্তেই একটি ক্যাপ বা সিরিঞ্জ সব সময়ে থাকা উচিত। এটি আপনার সংক্রমণের ঝুঁকি কমিয়ে দেবে। যদি আপনি সংক্রমণের কোন চিহ্ন দেখতে পান- লাল হয়ে যাওয়া, গরমভাব, স্পর্শকাতরতা, পুঁজ বা জ্বর হওয়া- নার্সকে অবিলম্বে তা জানান।

## ডায়ালিসিসের সময়ে আপনার ক্যাথিটার দৃষ্টিগোচর রাখুন

» আপনার যখন ডায়ালিসিস চলছে আপনার ক্যাথিটার সব সময়ে উন্মুক্ত রাখুন যাতে কর্মীরা তা দেখতে পান। এর ফলে, যদি কোন লাইন খুলে যায়, কর্মীরা সঙ্গে সঙ্গে তা জানতে পারবেন।



## ক্যাথিটার দিয়ে ডায়ালিসিস করার বিষয়ে মানুষ কি বলেন

যে ব্যক্তির ডায়ালিসিসের জন্য ক্যাথিটার ব্যবহার করেছেন তারা আপনাকে বলতে পারবেন তা কিরকম:

» “ক্যাথিটার অত্যন্ত খামখেয়ালী হয় - চিকিৎসার সময়ে আপনি বেশি নড়তে পারবেন না, নাহলে বিপদসঙ্কেত বেজে যাবে। এছাড়া আপনি শাওয়ার করতে পারবেন না। আমাকে বলা হয়েছিল যে কিছু সময়ের পরে আমি আমার স্থায়ী ক্যাথিটার নিয়ে শাওয়ার করতে পারব, কিন্তু যতবার আমি শাওয়ার করেছি, আমার সংক্রমণ হয়েছে এবং আমাকে এক সপ্তাহের জন্য হাসপাতালে থাকতে হয়েছে। আমি আমার গ্রাফট নিয়ে অনেক বেশি সুখী, যদিও আমাকে সূচ ফোটাতে হয়।”

» “আমার ফিস্টুলার বাহুটি আমি 2 বছর আগে একেজো করে ফেলি, এবং আমি বলি যে ক্যাথিটার অত খারাপ হবে না- আমার বাহুতে কোন সূচ ফোটাতে হবে না।” কিন্তু তা ঠিক নয়। গলার ক্যাথিটার থেকে আমরা কেবল 200 মাত্রায় রক্ত প্রবাহ পেতে সক্ষম হই, সাধারণত তা হয় 400- রক্ত প্রবাহ বেশি হলে আরো ভালো ডায়ালিসিস হয়। আমার ক্যাথিটারটি বের করে দেওয়ার জন্য আর তর সইছিল না!”

» “প্রায় দেড় বছর যাবৎ আমার টানেল করা, কাফ করা ক্যাথিটারটি একই কাঁধে ছিল। আমার এটি থাকার জন্য কোন ব্যথা লাগে না, এমনকি যখন তা লাগানো হয়েছিল তখনো নয়। আমার বাহু ডায়ালিসিসের সময় মুক্ত থাকে এবং ক্যাথিটার থাকার জন্য ডায়ালিসিস সহসীমার মধ্যে থাকে। আমার অস্বস্তি হলে আমি ঘুরে যেতে পারি, এবং আমার যন্ত্রটি 450-তে চলে, যা কোন টানেল করা কাফ করা ক্যাথিটারের জন্য অবিদিত। আমি ভাগ্যবান কারণ আমার এর জন্য কখনো কোন সমস্যা হয় নি।”

## স্টেনোসিস: রক্তনালিকা সরু হয়ে যাওয়া

স্টেনোসিস রক্ত প্রবাহ কমিয়ে দেয়, কাজেই আপনি সবচেয়ে ভালো বোধ করার মত যথেষ্ট এইচ.ডি. পান না। একটি ক্যাথিটার কেন্দ্রীয় শিরার স্টেনোসিসের কারণ হতে পারে। এটি ক্যাথিটারের দিকের বাহুতে রক্ত প্রবাহ স্থায়ীভাবে কমিয়ে দেয়। আপনার বাহুর জন্য যথেষ্ট রক্ত থাকে- কিন্তু এইচ.ডি.-র জন্য যথেষ্ট বাকি থাকে না। এই ভাবেই স্টেনোসিস অন্যান্য প্রবেশপথের স্থানগুলি নষ্ট করে দিতে পারে।

যদি আপনার ক্যাথিটার থেকে স্টেনোসিস হয়, আপনার এই লক্ষণগুলির কোন কোনটি থাকতে পারে:

- ক্যাথিটারের দিকের আপনার বাহুটি ঠাণ্ডা আর বেদনাময় হতে পারে।
- আপনার হাত এত ফুলে যেতে পারে যে তা নড়ানো কঠিন হতে পারে।
- আপনার ঘাড়, মুখ এবং বুক বা ক্যাথিটারের দিকের স্তন ফুলে যেতে পারে।
- আপনার বাহুর উপরের ভাগে বা বুকো নতুন শিরা গজাতে পারে।

যদি আপনি স্টেনোসিসের কোন লক্ষণ দেখেন, আপনার কেয়ার টিমকে অবিলম্বে ফোন করুন।




### প্রঘসিস: রক্ত পিণ্ড

ক্যাথিটারে রক্ত পিণ্ড, যা রক্ত প্রবাহ বন্ধ করে দিতে পারে, জমাট বাঁধার বেশ সম্ভাবনা থাকে, যাকে প্রঘসিস বলা হয়। রক্তে জমাট বাঁধার কোষগুলি (যাদের প্লেটলেট বা অনুচক্রিকা বলা হয়) একসাথে আটকে থাকে। তারা ক্ষতিগ্রস্ত রক্তনালিকাগুলি বন্ধ করে দেয়, যেমন একটি কর্ক বোতলের মুখ আটকে দেয়। প্লেটলেটরা যে কোন উঁচুনিচু স্থানে আটকে থাকে, এবং ক্যাথিটারটি শিরা ও ধমনীর মত মসৃণ নয়। এটি ঠিক করতে, একটি সিরিঞ্জের সাহায্যে একটি এনজাইম ওষুধ ক্যাথিটারে দিয়ে রক্তপিণ্ডটি গলিয়ে দেওয়া হয়। কোন কোন ক্ষেত্রে ক্যাথিটারটির প্রতিস্থাপন করতে হতে পারে।

সবশেষে, কোন প্রশ্ন করতে ভয় পাবেন না। এবং আপনার প্রবেশপথটি সুগম রাখার মত কোন গুরুত্বপূর্ণ জিনিষের জন্য, অনেকগুলি প্রশ্ন থাকতে পারে। যে যে প্রশ্নগুলির উত্তর আপনার জানা নেই তাতে দাগ দিন, ও আপনার নিজের প্রশ্নগুলি যোগ করুন:

- কাজের সময়ের পরে প্রয়োজন হলে আপনি কাকে যোগাযোগ করবেন? কিভাবে?
- স্নান, শাওয়ার, সাঁতার ইত্যাদির সময় আপনার কি কি পূর্বসতর্কতা নেওয়া প্রয়োজন?
- ক্যাথিটার নিজে নিজে বেরিয়ে এলে আপনার কি করা উচিত?
- আপনি যে প্রশ্নগুলি করতে চান তা এখানে যোগ করুন:



### চলমান রক্তপিণ্ডগুলির দিকে নজর রাখুন!

» আপনার ক্যাথিটারে রক্ত পিণ্ডটি স্থায়ী নাও থাকতে পারে। রক্তপিণ্ড আলগা হয়ে গিয়ে আপনার সারা শরীরে ঘুরে বেড়াতে পারে। যদি সাম্প্রতিককালে আপনার কোন রক্তপিণ্ড জমাট বেঁধে থাকে এবং আপনার পিঠে ব্যথা বা নিশ্বাস নিতে কষ্ট হয়, আপৎকালীন সেবার সন্ধান করুন।

### উপসংহার

প্রবেশপথের ভালোভাবে দেখাশুনা করার লক্ষ্য হল আপনার জীবনের পথটি সুস্থ রাখা যাতে আপনি ভালো করে ডায়ালিসিস পেতে পারেন। আপনার ক্যাথিটারটি চালু রাখার সম্ভাবনা সবচেয়ে বেশি যখন আপনি আপনার কেয়ার টিমের একজন সক্রিয় সহযোগী হন।



MEDICAL • EDUCATION  
I N S T I T U T E *inc.*

[WWW.MEDICALEDUCATIONINSTITUTE.ORG](http://WWW.MEDICALEDUCATIONINSTITUTE.ORG)

© 2009, Medical Education Institute, Inc. [www.meiresearch.org](http://www.meiresearch.org)